

আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড

ফোকাল পয়েন্ট কার্যালয়, প্রধান কার্যালয়।

“স্ব-প্রগোদ্ধি তথ্য প্রকাশ নির্দেশিকা”

- ০১। ব্যাংক উহার বিদ্যমান কার্যক্রম কিংবা নতুন চালুকৃত কর্মকাণ্ডের তথ্যাদি স্টেকহোল্ডারদের নিকট সহজলভ্য করে প্রকাশ ও প্রচার করবে।
- ০২। তথ্য প্রকাশ ও প্রচারের ক্ষেত্রে ব্যাংক সাধারণত কোন তথ্য গোপন করতে বা উহার সহজলভ্যতাকে সঞ্চুচিত করবে না।
- ০৩। অত্ব ব্যাংক নিম্নলিখিত তথ্যসমূহ প্রকাশ করবে যথাঃ-
 - (ক) ব্যাংকের সাংগঠনিক কাঠামো;
 - (খ) ব্যাংকের গ্রাহক/স্টেকহোল্ডার সংক্রান্ত সকল নিয়ম-কানুন, সার্কুলার/নীতিমালা, নির্দেশনা ও সিটিজেন চার্টার;
 - (গ) ব্যাংকের নিকট হতে কোনো ব্যক্তি /ব্যবসায়ী /গ্রাহক যে সকল বিনিয়োগ/ ঋণ বা অন্য কোনো প্রকার সুবিধা গ্রহণ করতে পারবেন উহার বিবরণ এবং উত্তরপ শর্তের কারণে কোনো প্রকার লেনদেন বা চুক্তি সম্পাদনের প্রয়োজন হলে উভয় পক্ষ স্পষ্ট শর্তাদি উল্লেখ করতঃ লেনদেন /চুক্তি সম্পাদন করবে;
 - (ঘ) গ্রাহকের তথ্য অধিকার নিশ্চিত করবার জন্য প্রদত্ত সুবিধার বিবরণ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নাম্বার ও ই-মেইল এড্রেস ইত্যাদি;
- ০৪। ব্যাংকের নিকট থেকে কোন ব্যক্তি যে সকল অনুদান /বরাদ্দ/ কোন প্রকার সুবিধা CSR হিসেবে প্রাপ্ত করা যাবে উহা ব্যাংক থেকে জেনে নিতে পারবেন।
- ০৫। ব্যাংক কর্তৃক প্রণীত বার্ষিক প্রতিবেদন স্টেকহোল্ডার/সর্বসাধারণকে পরিদর্শনের জন্য সহজলভ্য করা হবে এবং উহার কপি নামমাত্র মূল্যে বিক্রয়ের জন্য মজুদ রাখা হবে।
- ০৬। ব্যাংক কর্তৃক স্টেকহোল্ডারদের জন্য যে কোন প্রকাশনা সাধারণ জনগণের প্রয়োজনেও উপযুক্ত মূল্যে সহজলভ্য করা হবে।
- ০৭। ব্যাংক গ্রাহক সংশ্লিষ্ট বিষয়াদি নোটিশ/বিজ্ঞপ্তির মাধ্যমে অথবা অন্য কোনো পদ্ধতি প্রচার বা প্রকাশ করবে।
- ০৮। তথ্য অধিকার আইন ২০০৯ এর ৭ ধারা অনুসারে যে সকল তথ্য সরবরাহ করা বাধ্যতামূলক নয়, তা ব্যাংক জনসম্মুখে প্রকাশ করবে না।

(মোঃ আবদুর রহিম দুয়ারী)

ইতিপি ও সদস্য সচিব, নেতৃত্ব কমিটি

(মোঃ ফজলুল করিম)

এমডি (সিসি) ও সভাপতি, নেতৃত্ব কমিটি